উটের গলায় সুতার বা যে কোন মালা যেন অবশিষ্ট না থাকে, এ গুলো কেটে ফেলো।”

আবূ বাশীর আল-আনসারী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত: তিনি কোনো এক সফরে
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলেন। আবূ বাশীর রাদিয়াল্লাহু ‘আনহু বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম একজন দূত পাঠালেন। লোকজন তখন ঘুমের প্রস্তুতি নিচ্ছিল। (দূত এ মর্মে ঘোষণা দিলেন যে,) “উটের গলায় সুতার বা যে কোন মালা যেন অবশিষ্ট না থাকে, এ গুলো কেটে ফেলো।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কোন এক সফরে ছিলেন। লোকজন তাদের যানবাহন ও তাবুতে অবস্থিত ঘুমের জায়গায় ঘুমের প্রস্তুতি নিচ্ছিল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এক লোককে নির্দেশ দিয়ে পাঠালেন যে, তারা যেন তাদের উটের গলার মালা কেটে ফেলে, যা তারা উটের গলায় ধনুকের তারের পট্টি বা অন্যান্য সাধারণ কোনো পট্টি যেমন ঘন্টা বা জুতা ইত্যাদি, ঝুলিয়ে দিতো। মানুষের চোখের ক্ষতি-বদনজর থেকে রক্ষা পাওয়ার জন্য তারা এসব করতো। ফলে তিনি এগুলো কেটে ফেলার নির্দেশ দিলেন। কেননা এগুলো কোন ক্ষতি প্রতিহত করতে পারে না। বরং কোন উপকার বা ক্ষতি সাধন করা একমাত্র মহান আল্লাহর হাতে, যার কোন শরীক নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/6761